

কবে ?

কবে, তৃষিত এ মরু, ছাড়াইয়া যাইব,
তোমারি রসাল নন্দনে;
কবে, তাপিত এ চিত, করিব শীতল,
তোমারি করুণা-চন্দনে!

কবে, তোমাতে হ'য়ে যব, আমার আমি-হারা,
তোমারি নাম নিতে নয়নে ব'হে ধারা,
এ দেহ শিহরিবে, ব্যাকুল হবে প্রাণ
বিপুল পুলক-স্পন্দনে!

কবে, ভবের সুখ দুখ চরণে দলিয়া,
যাত্রা করিব গো, শীহরি বলিয়া,
চরন টলিবে না, হৃদয় গলিবে না,
কাহারো আকুল ক্রন্দনে।